لاَ تَقُومُ السَّاعَةُ حَتَّى يَمُرَّ الرَّجُلُ بِقَبْرِ الرَّجُلِ فَيَقُولُ: يَا لَيْتَنِي مَكَانَهُ ‘কিয়ামত ততক্ষণ কায়েম হবে না, যতক্ষণ না এক ব্যাক্তি অপর ব্যাক্তির কবরের পাশে দিয়ে যাওয়ার সময় বলবে: হায়! যদি আমি তার স্থলে হতাম’

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: لاَ تَقُومُ السَّاعَةُ حَتَّى يَمُرَّ الرَّجُلُ بِقَبْرِ الرَّجُلِ فَيَقُولُ: يَا لَيْتَنِي مَكَانَهُ ‘কিয়ামত ততক্ষণ কায়েম হবে না, যতক্ষণ না এক ব্যাক্তি অপর ব্যাক্তির কবরের পাশে দিয়ে যাওয়ার সময় বলবে: হায়! যদি আমি তার স্থলে হতাম’

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন যে, কিয়ামত ততক্ষণ কায়েম হবেনা, যতক্ষণ না এক ব্যক্তি অপর ব্যক্তির কবরের পাশে দিয়ে যাওয়ার সময় নিজেকে মৃত ব্যক্তির স্থানে হওয়ার আশা ব্যক্ত করবে। এর কারণ হলো বাতিল শক্তি ও বাতিলপন্থীদের আধিক্যে, ফিতনা-ফ্যাসাদ, পাপাচার ও অন্যায় বৃদ্ধির কারণে তার দ্বীন ও ঈমান চলে যাওয়ার আশঙ্কা করবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65022